REG. NO. C. 853

# জঙ্গিপুর
# সংবাদ

সাপ্তাহিক সংবাদ পত্র।


## জঙ্গিপুর সংবাদের নিয়মাবলী

জঙ্গিপুর সংবাদের সডাক বার্ষিক মূল্য ২৲ হাতে ১৷০ টাকা। নগদ মূল্য ১০ দুই পয়সা। যে সংখ্যায় নিলামী ইস্তাহারের বিজ্ঞাপন মুদ্রিত হইবে তাহার নগদ মূল্য /০ এক আনা। বাৎসরিক মূল্য অগ্রিম দেয়।

জঙ্গিপুর সংবাদে বিজ্ঞাপনের হার প্রতি সপ্তাহের জন্য প্রতি লাইন ।০ আনা, এক মাসের জন্য প্রতি লাইন প্রতিবার ⁄০ আনা, তিন মাসের জন্য প্রতি লাইন প্রতিবার ৵০ আনা, ছয় মাসের জন্য প্রতি লাইন প্রতিবার /১০ আনা, এক বৎসর বা ততোধিক কালের জন্য প্রতি লাইন প্রতিবার /০ এক আনা হিসাবে। বড় স্থায়ী বিজ্ঞাপনের বিশেষ দর পত্র লিখিয়া বা স্বয়ং আসিয়া করিতে হয়। যাবতীয় চিঠি পত্র, মনিঅর্ডার ও বিনিময় সংবাদপত্র নিম্ন লিখিত ঠিকানায় পাঠাইতে হইবে

শ্রীবিজয় কুমার পণ্ডিত, জঙ্গিপুর সংবাদ কার্য্যালয়, রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ।



## মুরারি বটিকা।

—:॰:—

সর্ব্ববিধ নূতন পুরাতন প্লীহা ও যকৃৎ সংযুক্ত ম্যালেরিয়া জ্বরের অদ্বিতীয় মহৌষধ।

সিভিল সার্জ্জন, এসিষ্টাণ্ট সার্জ্জন ও অন্যান্য ডাক্তারগণ দ্বারা বিশেষ পরীক্ষিত, প্রশংসিত এবং চিকিৎসায় ব্যবহৃত হইতেছে। রোগের উৎপত্তি ও প্রতীকার সম্বন্ধে পরীক্ষার জন্য গভর্ণমেণ্ট কর্ত্তৃক কলিকাতায় স্থাপিত স্কুল অফ ট্রপিক্যাল মেডিসিন নামক সর্ব্বোচ্চ বিদ্যালয়ের হাসপাতালে রোগীকে মুরারি বটিকা, সেবন করানয় আশ্চর্য্য ফল দর্শিয়াছে এবং মুরারি বটিকা ম্যালেরিয়ার যে সর্ব্বোৎকৃষ্ট ঔষধ তাহা সপ্রমাণিত হইয়াছে। ২০ বটিকার শিশির মূল্য এক টাকা মাত্র।

বেঙ্গল প্রিজার্ভিং কোম্পানী

১০নং ডিহি ইটালী রোড, কলিকাতা।


১৩শ বর্ষ | রঘুনাথগঞ্জ—মুর্শিদাবাদ ২২শে ভাদ্র বুধবার ১৩৩৩ ইংরাজী 8th September 1926. | ১০ম সংখ্যা।


# হিলিংবাম

গত ৩১ বৎসরের পরীক্ষায় সর্ব্বপ্রকার মেহ রোগের সর্ব্বোৎকৃষ্ট মহৌষধ বলিয়া সমগ্র ভারতবর্ষ ও ভারতবর্ষের বাহিরের দেশ সকলেও পরিচিত, আদৃত ও বহুল পরিমাণে ব্যবহৃত হইতেছে।

**ইহার কারণ হিলিংবামের অসাধারণ উপকারিতা।**

হিলিংবাম ১ মাত্রা হইতে ফল দেখা যায়। একদিনে মেহের জ্বালা যন্ত্রনা আরোগ্য করে। এক সপ্তাহে রোগ আরোগ্য করিয়া নষ্ট স্বাস্থ্য ফিরাইয়া দেয় স্ত্রী পুরুষ উভয় জাতীয় রোগীকে সম্পূর্ণ আরোগ্য করে।

হিলিংবাম রোগের জড় "গণোকোকাই" নষ্ট করে, তাই হিলিংবামে রোগ সারে, রোগ চাপা পড়ে না অল্পদিনে পুনরাক্রমন করিতে পায় না। এই কারণে অসংখ্য সুপ্রসিদ্ধ ডাক্তার হিলিংবামের পৃষ্ঠপোষক। দুই চার জনের নাম উল্লেখ করা গেল। ইঁহাদের সকলেরই সুখ্যাতি পত্র আমারা পাইয়াছি। আই, এম, এস,—কর্ণেল কে, পি, গুপ্ত, এম, ডি, এস, এ; এফ, আর, সি, এস, ইত্যাদি লেঃ কর্ণেল এন, পি, সিংহ, এম, আর, সি, পি, এম,আর, সি, এস এতদ্ভিন্ন অসংখ্য প্রশংসাপত্র পূর্ণ তালিকা পুস্তক পাঠাই পত্র লিখুন।

মূল্য প্রতি বড় শিশি ৩৲
" " মাঝারি শিশি ২৷৹
" " ছোট শিশি ১৷৹

# স্যাঙ্গো

স্বর্ণঘটিত সালসা—স্নায়বিক দৌর্ব্বল্যের মহৌষধ। পারদ গরমী এবং যাবতীয় রক্তদুষ্টিতে অব্যর্থ।

আজকাল স্নায়বিক দৌর্ব্বল্যে অল্পবিস্তর সকলেই কষ্ট পাইতেছেন—তার উপর সম্মুখে বর্ষা পড়িতেছে, এ সময়ে আমরা সকলকেই স্যাঙ্গো সেবন করিতে বলি। পারা, গরমী প্রভৃতি রক্ত দোষও স্যাঙ্গো সেবনে নিবারিত হয়; দেহ সতেজ হয়; রক্ত বৃদ্ধি হয়, দেহে নূতন জীবন, নূতন যৌবন সঞ্চার হয়। খোস, পাঁচড়া দাদ, অর্শ, কাউর, বাত আমবাত সর্দ্দি কাশি সমস্তই স্যাঙ্গো সেবনে নিবারিত হয়।

স্ত্রীলোকের ঋতুর গোলযোগ, বাধক, দীর্ঘকাল ব্যপী ঋতু, ঋতুকালীন জ্বালা ও ব্যথা সমস্ত উপসর্গে স্যাঙ্গো যাদুমন্ত্রের ন্যায় কার্য্য করে।

মূল্য প্রতিশিশি (১৬ দিনের উপযোগী) ২৲; ৩টী একত্রে ৫৷৹
ডাক মাশুলাদি স্বতন্ত্র।

আর, লগিন্ এণ্ড কোং

ম্যানুঃ—কেমিষ্টস্।

১৪৮, বহুবাজার ষ্ট্রীট কলিকাতা।

টেলিগ্রাম—"হিলিং", কলিকাতা



## গুণে গন্ধে সৌরভসম্পদে
## কেশরঞ্জন অদ্বিতীয়।




কে-শ-র-ঞ্জ-ন
সৌন্দর্য্য বৃদ্ধি করে।

কে-শ-র-ঞ্জ-ন
মুখকে সুন্দর করে।

কে-শ-র-ঞ্জ-ন
চুলকে খুব কাল করে।

কে-শ-র-ঞ্জ-ন
কেশ পতন বন্ধ করে।

কে-শ-র-ঞ্জ-ন
চিন্তাশীলের সহায়।

কে-শ-র-ঞ্জ-ন
রমণীর অতি প্রিয়।

কে-শ-র-ঞ্জ-ন
শ্রেষ্ঠ প্রেমোপহার।

কে-শ-র-ঞ্জ-ন
সবারই নিত্য প্রয়োজ

মূল্য প্রতি শিশি এক টাকা ডাক ব্যয় সাত আনা।

## রমণী-রক্ষায় অশোকারিষ্টের মত শ্রেষ্ঠ ঔষধ নাই।

অশোকারিষ্ট ঋষিদের উর্ব্বর মস্তিষ্কজাত—রমণী কল্যাণকর মহারিষ্ট। স্ত্রীস্বভাবসুলভ ব্যাধিসমূহে ইহার কার্য্যকরীশক্তি অসীম। অনেক সঙ্কটক্ষেত্রে অথবা চিকিৎসক পরিত্যক্ত রোগীকে, ইহা শান্তি সুখময় আরোগ্য প্রদান করিয়াছে। "অশোকারিষ্টে" রমণীরক্ষা হয়—রমণীর রোগ বিদূরিত হয়—আর বন্ধ্যা রমণী, বন্ধ্যাত্বের দারুণ নিরাশা-বন্ধন হইতে চিরবিমুক্ত হয়। "অশোকারিষ্ট" ব্যবস্থ করিয়া আমরা অনেক সম্ভ্রান্ত কুল-মহিলাকে কৃচ্ছ্রসাধ্য রমণী সুলভ সাংঘাতিক ব্যাধির কবল হইতে বিমুক্ত করিয়াছি। বাঙ্গালীর শান্তিময় সংসারের লক্ষ্মীরূপিণী রমণীদের রক্ষা করা যদি একটী পবিত্র ব্রত ও কর্ত্তব্য বলিয়া মনে করেন, তবে তাঁহাদের রোগসংবাদ শ্রবণ মাত্রেই "অশোকারিষ্ট" লইয়া ব্যবহার করিতে দিন।

| | | |
|---|---|---|
| মূল্য প্রতি শিশি | ... | ১৷৹ দেড় টাকা। |
| প্যাকিং ও ডাকমাশুল | ... | ৷৵৹ দশ আনা। |

## হতাশের আশার কথা—বিনামূল্যে ব্যবস্থা।

মফঃস্বলের রোগিগণের অবস্থা এক আনার টিকিটসহ আনুপূর্ব্বিক লিখিয়া পাঠাইলে, ব্যবস্থা পাঠাইয়া থাকি।

আমাদের ঔষধালয়ে তৈল, ঘৃত, আসব, অরিষ্ট, জারিত ও শোধিত ধাতুদ্রব্যাদি, এবং স্বর্ণঘটিত মকরধ্বজ, মৃগনাভি প্রভৃতি সর্ব্বদা সুলভ মূল্যে পাওয়া যায়।

# কবিরাজ নগেন্দ্রনাথ সেন এণ্ড কোং লিঃ

আয়ুর্ব্বেদীয় ঔষধালয়।

১৮৷১ ও ১৯নং লোয়ার চিৎপুর রোড কলিকাতা।

ম্যানেজিং ডিরেক্টার—কবিরাজ শ্রীশক্তিপদ সেন।

## মুসলমানদিগের অপূর্ব্ব সুযোগ।

—০—

আমরা এতদঞ্চলের মুসলমানগণের সুবিধার জন্য উর্দ্দু, পার্শী ও আরবী টাইপ আনাইয়াছি। যাঁহাদের উর্দ্দু, পার্শী কিম্বা আরবী ভাষায় কোন কিছু ছাপিবার আবশ্যক হইবে তাঁহারা আমাদের নিকট অর্ডার দিলে আমরা অতি সত্বর ও যথাসম্ভব সুলভে ছাপাইয়া দিব। পরীক্ষা প্রার্থনীয়।

বিনীত—

শ্রীবিনয়কুমার পণ্ডিত,

পণ্ডিত প্রেস।

পোঃ রঘুনাথগঞ্জ, (মুর্শিদাবাদ।

সর্ব্বেভ্যঃ দেবেভ্যো নমঃ

# জঙ্গিপুর সংবাদ।

২২শে ভাদ্র বুধবার ১৩৩৩ সাল।

## বেতন বৃদ্ধি।

—•—

সহসা প্রেসিডেন্সী কলেজ, কারমাইকেল মেডিকেল কলেজ ও কলিকাতা মেডিকেল কলেজের ছাত্রগণের বেতনের হার বাড়িয়া গেল। ব্যাপার কি? ছাত্রের অভিভাবকগণের অর্থস্বচ্ছলতা, অধ্যাপকগণের অর্থাভাব, না উচ্চশিক্ষা বন্ধ করিবার এ একটা ফন্দী? বলি বেতনের হার ত বাড়িল, সঙ্গে সঙ্গে বিদ্যাও বাড়িবে কি? অথবা যে তিমিরে সেই তিমিরে!

## লর্ড রেডিংয়ের নূতন চাকুরী।

—০—

লণ্ডন হইতে সংবাদ আসিয়াছে যে ভারতের ভূতপূর্ব্ব বড়লাট লর্ড রেডিং বাহাদুর আমেরিকায় যুক্ত প্রদেশে ইংলণ্ডের রাজদূতের পদে নিযুক্ত হইয়াছেন। তিনিও এই পদ গ্রহণে সম্মত হইয়াছেন। ভারতে অনেক বড়লাটই ভারত হইতে স্বদেশে গিয়া অন্য কোন রাজ্যে রাজদূতের পদ গ্রহণ করিয়াছেন। ইউরোপীয় মহাসমরের সময় লর্ড রেডিং বাহাদুর আমেরিকায় গিয়া মার্কিন গভর্ণমেণ্টকে মিত্রশক্তির দলে আনয়ন করিয়াছিলেন এবং আমেরিকা হইতে বহু যোদ্ধাকে রণক্ষেত্রে প্রেরণ করিতে পারিয়াছিলেন, ইহা সকলেই অবগত আছেন। এবারে লর্ড বাহাদুর ব্রিটিশ রাজদূতরূপে আমেরিকায় গিয়া আমেরিকা ও ইংলণ্ডের মধ্যে মিত্রতা বন্ধনকে আরও দৃঢ়তর করিবেন সন্দেহ নাই।

## ভারতবর্ষের ভয়ের কারণ।

—০—

ব্যোমপথে রুষিয়ার শক্তি এরূপ বৃদ্ধি পাইয়াছে যে, এ সম্বন্ধে উহা প্রথম শ্রেণীর বলিয়া পরিচিত হইয়াছে। "মর্ণিং পোষ্ট" পত্র বলেন বর্ত্তমানে রুষিয়ার বিমানের সংখ্যা ১২ শত হইতে ১৫ শত এবং গত বৎসরে বিমান সংক্রান্ত গবেষণার জন্য ও নূতন বিমান নির্ম্মাণের জন্য সরকার ৪০ লক্ষ পাউণ্ড বরাদ্দ করিয়াছেন। ঐ পত্রের বিবেচনায় আফগানিস্থান যদি সোভিয়েট প্রভাবের অধীন হয় এবং মস্কৌ কাবুলের সহিত ব্যোমপথে সংযুক্ত হয়, তাহা হইলে ভারতবর্ষের ভয়ের কারণ যথেষ্ট আছে।

## মূর্চ্ছা রোগের ঔষধ।

—০—

শ্রীযুত পশুপতি পত্রনবিশ, পোঃ গঙ্গাজলঘাটী, জেলা বাঁকুড়া হইতে পত্রান্তরে লিখিয়াছেন—নিম্নের ঔষধটি কোন ফকির সাধারণের উপকারের জন্য আমাকে দিয়া যান। ঔষধটি এই—'বাদসাই কল্যাণীর' শিকড় সিকি তোলা, গোল মরিচ (কাল) ২॥টা একত্রে শিলায় পেষণ করিয়া স্নানের পর খাইতে হইবে এবং দুপুর পর্য্যন্ত উপবাসী থাকিতে হইবে। আর কোন নিয়ম নাই। একদিন খাইতে হয়। ঔষধ খাওয়ার পরে উক্ত রোগ আর কখনও হইবে না। আমি আজ পর্য্যন্ত যতগুলি রোগীকে দিয়াছি, কোনটীতেই ব্যর্থ হই নাই এবং আমার বন্ধুবান্ধবগণও বিশেষ ফল পাইয়াছেন।

## কুকুরের দিব্যদৃষ্টি।

—০—

মারসিয়া ও এডিথ জ্যাক্‌সন দুই ভগিনী, লিডস নগরে উহাদের বাস। তাহারা মোরকাম্বে নামক স্থানে ছুটি যাপন করিবার কালে তাহাদের প্রিয় সখের টেরিয়ার কুকুরকে তাহাদের মায়ের তত্ত্বাবধানে রাখিয়া যায়। কিছুদিন পরে এক রাত্রিতে কুকুরের আর্ত্তনাদে মাতার নিদ্রাভঙ্গ হয়। তিনি নীচে নামিয়া দেখেন, কুকুরটীর চক্ষু দিয়া জল পড়িতেছে এবং তাহাকে অত্যন্ত শোকার্ত্ত দেখাইতেছে। সেই রাত্রিতে উল্লিখিত দুই ভগিনী তাহাদের বাসা বাড়ী হইতে সমুদ্রকূলে বাজনা শুনিতে গিয়াছিল। পরদিন প্রাতঃকালে দেখা যায় তাহাদের দুইজনের মৃতদেহ সমুদ্রকূলে পরস্পরের ৩০০ গজ দূরে পড়িয়া আছে। সম্ভবতঃ তাহারা জলক্রীড়া করিয়াছিল এবং সমুদ্র তরঙ্গে ভাসিয়া গিয়াছিল, পরে তরঙ্গের পুনরাবর্ত্তনে তাহাদের মৃতদেহ কূলে নিক্ষিপ্ত হইয়া থাকিবে।

## করদ রাজ্যের শাসন প্রণালী।

—:০:—

করদ রাজ্যে সুশাসন হয় না, এই অজুহাতে ব্রিটিশ গভর্ণমেণ্ট নাভানরেশ ইন্দোরকে হোলকারের গদি হইতে অপসারিত হইতে বাধ্য করিয়াছেন। সম্প্রতি নিজাম রাজ্যের উচ্চতম পদগুলি ইংরাজকে না দিলে নাকি হায়দ্রাবাদের শাসনকার্য্য ভালভাবে চলিতে পারে না, এই রকম দাবি ভারত সরকার করিয়াছেন। বিলাতেও দেশীয় রাজ্যের শাসন-প্রণালীকে স্বেচ্ছাচারিতা ও অত্যাচারের প্রতিশব্দরূপে ব্যবহার করা হয়। ভালমন্দ সকল গভর্ণমেণ্টেরই আছে—কোন শাসন প্রণালীই নির্দ্দোষ হইতে পারে না। তবে সাধারণের মনে একটা ধারণা জন্মিয়াছে যে, করদরাজ্যগুলির শাসনপ্রণালী নিছক মন্দ।

এই ধারণা যে কতদূর ভ্রান্ত, তাহা দাতিয়ার দেওয়ান কাজী আজিজুদ্দিন আহমেদের লিখিত ও জুলাইয়ের ইণ্ডিয়ান রিভিউ পত্রিকায় প্রকাশিত একটি প্রবন্ধ পড়িলেই বুঝা যাইবে। নিম্নে আমরা তাঁহার কয়েকটি মত ব্যক্ত করিতেছি।

ব্রিটিশ ভারতে হিন্দু মুশলমানের দাঙ্গা লাগিয়াই আছে। কিন্তু কি হিন্দু কি মুশলমান কোন করদ রাজ্যেই এরূপ দাঙ্গা হয় নাই। কেবলমাত্র করদরাজ্যেই হিন্দু মুশলমানের যথার্থ মিলন বর্ত্তমান রহিয়াছে। উভয় সম্প্রদায়ের মধ্যে কোন বিরোধের সূচনা দেখা গেলে রাজা স্বয়ং তাহার মীমাংসা করিয়া দেন।

ব্রিটিশ ভারতে ব্যবসায়ের বাধা স্বরূপ যে সকল অসুবিধা রহিয়াছে, করদরাজ্যে তাহা নাই। করদরাজ্যে তুলার উপর শুল্ক নাই, আয়কর নাই—মুদ্রা বিনিময়ের বাজারের উপর করদরাজ্যের ব্যবসা বাণিজ্য নির্ভর করে না। করদরাজ্যে ট্যাক্‌সের বড় বেশী উপদ্রব নাই। সেখানে খাড়ীর উপর, আয়ের উপর বা কুকুরের উপর ট্যাক্‌স দিতে হয় না। জিনিসপত্রের দাম করদরাজ্যে অসম্ভব রকম সস্তা। মথুরায় যখন টাকায় ৬ সের গম বিক্রয় হয়, তখন মথুরার নিকটবর্ত্তী ভরতপুর রাজ্যে টাকায় ১২ সের গম বিক্রয় হয়। আগ্রায় টাকায় ৬ ছটাকের বেশী ঘি পাওয়া যায় না, কিন্তু ধোলপুরে টাকায় ১০ ছটাক ঘি বিক্রয় হয়। ব্রিটিশ ভারতে বার আনার কম মজুর মেলে না, করদরাজ্যে পাঁচ ছয় আনায় মজুর পাওয়া যায়। ব্রিটিশভারত অপেক্ষা করদরাজ্যে জীবন সংগ্রামের ভীষণতা অনেক কম।

চিকিৎসা বিষয়েও করদরাজ্যে ব্রিটিশভারত অপেক্ষা অনেক সুবিধা। করদরাজ্যে সরকারী হাসপাতাল হইতে সকল ঔষধ বিনামূল্যে দেওয়া হয়। লোকে সেখানে ঔষধের দোকান হইতে বড় একটা ঔষধ কিনে না। সরকারী বৈদ্য ও উনানী ও আয়ুর্ব্বেদিকমতে বিনামূল্যে ঔষধ ব্যবস্থা করেন। অধিকাংশ করদরাজ্যেই দেশীয়ভাষায় সরকারী কার্য্য চালান হয়। সুতরাং বেশী বেতন দিয়া ইংরাজীনবিশদের রাখিতে হয় না। করদ রাজ্যে গোহত্যা খুব কমই হইয়া থাকে। হায়দ্রাবাদের ন্যায় মুশলমানপ্রধান রাজ্যেও গোহত্যা নিবারিত হইয়াছে। করদ রাজ্য হইতে গরু রপ্তানি করার উপর বাধা দেওয়া হইয়া থাকে।

করদরাজ্যে চাকুরীতে প্রবেশ করিবার কোন বয়স নির্দ্দিষ্ট নাই। তাহার ফলে অভিজ্ঞ ও বুদ্ধিমান ব্যক্তিগণ অধিক বয়সেও সরকারী কাজে প্রবেশ করিতে পারেন। দক্ষতা অভিজ্ঞতা সচ্চরিত্রতা ও পারিবারিক দাবির উপর নির্ভর করিয়া করদরাজ্যে চাকুরী দেওয়া হইয়া থাকে। করদরাজ্যে মামলা মোকর্দ্দমা করিতে যাইয়া প্রজারা সর্ব্বস্বান্ত হয় না। উকিলেরা সেখানে শকুনির মত মক্কেলকে খাইয়া ফেলে না।

করদরাজ্যে শাসনকর্ত্তারা ভারতীয় :শিক্ষা ও সভ্যতার ধারা অপ্রতিহত রাখিবার জন্য আগ্রহান্বিত। তাঁহারা দেশের শ্রেষ্ঠ কবি, শিল্পী, ভাস্কর ও সাহিত্যিককে সর্ব্বদা উৎসাহ প্রদান করিয়া থাকেন।


## কর্ম্মখালি।

বেঙ্গল কাউন্সিলের ইলেকসনের জন্য কতকগুলি সুদক্ষ, পরিশ্রমী ও বহুদর্শী সাইক্লিষ্ট ক্যানভাসারের প্রয়োজন। যোগ্যতানুসারে বেতন দেওয়া হইবে। নিম্ন স্বাক্ষরকারীর নিকট সত্বর আবেদন করুন। ইতি—

কাসিমবাজার রাজবাড়ী,
৩১শে আগষ্ট, ১৯২৬।
পোঃ কাসিমবাজার।

মহারাজ কুমার।

## কর্ম্মখালি।

একজন সদগৃহস্থ জমিদারী কার্য্যে অভিজ্ঞ, মামলা মোকর্দ্দমা পরিচালনে সুদক্ষ ও সেটেলমেণ্ট কার্য্য জানে এইরূপ তহশীলদারের আবশ্যক। বেতন যোগ্যতানুসারে। আবেদনকারীগণকে নগদ বা সম্পত্তি জামিন দিতে হইবে। নিম্নলিখিত ঠিকানায় স্বয়ং আসিলে বা দরখাস্ত করিলে সবিশেষ জানিতে পারিবেন।

শ্রীগোকুলচন্দ্র রায়।
পোঃ রঘুনাথগঞ্জ।

ডাঃ এন, এল, পালের

## সুদর্শন সার।

( সর্ব্ববিধ জ্বরের অমোঘ ব্রহ্মাস্ত্র )

দুই দিন সেবন করিলেই ফল বুঝিতে পারিবেন। বিশেষতঃ ম্যালেরিয়া জ্বরের হাত হইতে নিষ্কৃতি পাইতে হইলে সুদর্শনসার ব্যবহার করুন। প্লীহা ও যকৃত সংযুক্ত জ্বরে ইহা মন্ত্রশক্তির ন্যায় কার্য্য করে। মূল্য প্রতি শিশি ৸০ বার আনা।

ডাঃ নন্দলাল পাল এণ্ড সন্স।
পোঃ রঘুনাথগঞ্জ, (মুর্শিদাবাদ)

## পণ্ডিত প্রেস।


এই প্রেসে জমিদারী সেরেস্তার চেক, দাখিলা, আরজী, ওকালতনামা, নিমন্ত্রণ পত্র, বিবাহের প্রীতি-উপহার, স্কুলের প্রশ্নপত্র, বেতন আদায়ের রসিদ, ট্রান্সফার সার্টিফিকেট, সেটেলমেণ্টের নানারকম ফরম প্রভৃতি যাবতীয় ছাপার কাজ নূতন অক্ষরে সুলভে ও সত্বর হইয়া থাকে। পরীক্ষা প্রার্থনীয়।

কার্য্যাধ্যক্ষ পণ্ডিত প্রেস।
রঘুনাথগঞ্জ, (মুর্শিদাবাদ।)

সর্ব্বজ্বর বিনাশক

## ব্রানটন মিক্‌শ্চার।

ম্যালেরিয়ার হাত হইতে একেবারে নিষ্কৃতি।
অদ্যই আনাইয়া লউন।
বড় শিশি ১৬ মাত্রা ১৷০
ছোট শিশি ৮ মাত্রা ৸০ মাত্র।
ব্রানটন ফার্ম্মেসী।
৬৯, সুকিয়া ষ্ট্রীট,—কলিকাতা।




GANGADHAR ANJANSAR — An Ointment For Eyes — CHANDERNAGORE
AND
GANGADHAR BATIKA — A Pill For The Eyes — CHANDERNAGORE

## গঙ্গাধর অঞ্জনসার ও গঙ্গাধর বটিকা

ছানি ব্যতীত সকল প্রকার চক্ষুরোগের অব্যর্থ মহৌষধ।

বিগত ৮০ বৎসরেরও অধিক কাল আমাদিগের এই চক্ষুরোগের অমোঘ ঔষধ ব্যবহার করিয়া সহস্র সহস্র রোগী নানাপ্রকার চক্ষুরোগ হইতে সম্পূর্ণ আরোগ্য লাভ করিয়াছেন। এই ঔষধ দুইটির ক্রিয়া আশু ফলপ্রদ ও চিরস্থায়ী। ইহাতে কোন প্রকার চক্ষুর অনিষ্টকর পদার্থ নাই এবং ব্যবহারে কোন প্রকার কষ্ট নাই। ইহা বহু সুপ্রসিদ্ধ ও সুবিজ্ঞ ডাক্তার, হোমিওপ্যাথ, কবিরাজ এবং সম্ভ্রান্ত ভদ্রলোক পরীক্ষিত ও প্রসংশিত। পত্র লিখিলে বিস্তারিত বিজ্ঞাপন পাঠান হয়।

বিশেষ দ্রষ্টব্য :— রোগীদিগের ঔষধ প্রাপ্তির সুবিধার জন্য প্রতি জেলায়, মহকুমায় ও গ্রামে গ্রামে এজেণ্টের আবশ্যক ; পত্র লিখিলে এজেন্সীর নিয়মাবলী পাঠান হয়।

পোষ্ট চন্দননগর, (বেঙ্গল)    শ্রীবিশ্বেশ্বর সরকার।

নানাবিধ দেশী ও বিলাতী সব্জী বীজ মুরশুমি ফুল ও

## কপী বীজ

ইত্যাদির সচিত্র মূল্য তালিকার জন্য লিখুন সর্ব্বত্র এজেণ্ট আবশ্যক উচ্চহারে কমিসন দেওয়া হয়।

বঙ্কিম প্রসাদ ঘোষ এণ্ড কোং
পোঃ বালী, হাবড়া।

## প্রাকৃতিক নিয়ম ভঙ্গের ফল।

সকলেরই শরীর সুন্দর, হৃষ্টপুষ্ট ও সুকান্তি হইবার ইচ্ছা। স্বাভাবিক নিয়ম সকল জ্ঞাত থাকিলে সকলেই ঐ ইচ্ছা ফলবতী করিতে পারেন। স্বভাবের নিয়ম যতই অতিক্রম করা যায় ততই স্বাভাবিক দণ্ড আমাদিগকে ভোগ করিতে হয়। দণ্ড ভোগ না করিলে জীবনে কখনও কোন জিনিসের অভাব হয় না। এই সকল বিষয় অবগত হইবার জন্য বিনামূল্যে এক খানি গ্রন্থ পাওয়া যায়। ঐ গ্রন্থের নাম "কামশাস্ত্র"। আজই নাম, ধাম জ্ঞাপন করুন। প্রাপ্ত হইতে মাশুলও লাগিবে না। বিলম্বে নিরাশ হইবার সম্ভাবনা।

শরীরের সৌন্দর্য্য বৃদ্ধির জন্য কি করা কর্ত্তব্য? কর্ত্তব্য হচ্ছে শরীরের যাহা ক্ষয় হইয়াছে, তাহা পূরণ করিয়া পূর্ণ স্বাস্থ্য প্রাপ্ত হওয়া। ক্ষয় পূরণ করিতে "আতঙ্ক নিগ্রহ বটিকা" অসীম ক্ষমতা রাখে। পরীক্ষা করিলেই জানা যাইবে, উহার কি ক্ষমতা। প্রতি কৌটা ১৬ দিনের ব্যবহারের উপযোগী ১৲ টাকা।

আতঙ্ক নিগ্রহ ঔষধালয়।
২১৪নং বহুবাজার ষ্ট্রীট, কলিকাতা।



# সুরমা

## ফুলশয্যায় সুরমা।

আবার বিবাহের সময় আসিতেছে আবার বিধাতার বিধানে অনেক নরনারীর ভাগ্যলিপি সমস্ত্রে আবদ্ধ হইবার মাহেন্দ্রক্ষণ আসিতেছে। মনে রাখিবেন বিবাহের তত্ত্বে, বর-কনের ব্যবহারের জন্য, ফুলশয্যার দিনে সুরমার বড়ই প্রয়োজন। ফুলশয্যার রাত্রে কোন বাড়ীর মহিলারা সুরমা ব্যবহার করিলে, ফুলের খরচ অনেক কম হইবে। "সুরমার" সুগন্ধে শত বেলা, সহস্র মালতীর সৌরভ গৃহ-কক্ষে ফুটিয়া উঠিবে। সমস্ত মঙ্গলকার্য্যেই "সুরমার" প্রচলন। বড় এক শিশি সুরমায় অর্থাৎ সামান্য ৷৷৹ বার আনা ব্যয়ে অনেক কুলমহিলার অঙ্গরাগ হইতে পারে।

বড় এক শিশির মূল্য ৷৷৹ বার আনা; ডাকমাশুল ও প্যাকিং ৷৷৶৹ এগার আনা। তিন শিশির মূল্য ২৲ দুই টাকা মাত্র; মাশুলাদি ১৷৹ এক টাকা পাঁচ আনা

## সোমবল্লী-কষায়।

আমাদিগের এই সালসা ব্যবহারে সকলপ্রকার বাত, উপদংশ, সর্ব্বপ্রকার চর্ম্মরোগ, পারা-বিকৃতি ও যাবতীয় দুষ্টক্ষত নিশ্চয়ই আরোগ্য হয়। অধিকন্তু ইহা সেবন করিলে, শারীরিক দৌর্ব্বল্য ও কৃশতা প্রভৃতি দূরীভূত হইয়া শরীর হৃষ্ট-পুষ্ট এবং প্রফুল্ল হয়। ইহার ন্যায় পারাদোষনাশক ও রক্তপরিষ্কারক সালসা আর দৃষ্ট হয় না। বিদেশীয়দিগের বিলাতী সালসা অপেক্ষা ইহা অধিক উপকারক। ইহা সকল ঋতুতেই বালক-বৃদ্ধ-বনিতাগণ নির্ব্বিঘ্নে সেবন করিতে পারেন। সেবনের কোনরূপ বাঁধাবাঁধি নিয়ম নাই। এক শিশির মূল্য ১৷৷৹ টাকা; ডাঃ মাঃ ও প্যাকিং ১৵৹ এক টাকা তিন আনা.

## জ্বরাশনি।

জ্বরাশনি—ম্যালেরিয়ার ব্রহ্মাস্ত্র। জ্বরাশনি—যাবতীয় জ্বরেই মন্ত্রশক্তির ন্যায় উপকার করে। একজ্বর, পালাজ্বর, কম্পজ্বর, প্লীহা ও যকৃৎঘটিত জ্বর, দ্বৈকালীন জ্বর, মজ্জাগত ও মেহঘটিত জ্বর, ধাতুস্থ বিষমজ্বর, এবং মুখনেত্রাদির পাণ্ডুবর্ণতা, ক্ষুধামান্দ্য, কোষ্ঠবদ্ধতা, আহারে অরুচি, শারীরিক দৌর্ব্বল্য, বিশেষতঃ কুইনাইন সেবনে যে সকল জ্বর আরোগ্য না হয়, সে সমস্তই এই ঔষধ সেবনে নিঃসন্দেহরূপে নিবারিত হয়। ইহার সহায়তায় যে কত নিরাশ রোগী নবজীবন লাভ করিয়াছেন, তাহার ইয়ত্তা নাই। এক শিশির মূল্য ১৲ এক টাকা, মাশুলাদি ১৵৹ এক টাকা তিন আনা।

## মিল্‌ক অব্‌ রোজ

ইহার মনোরম গন্ধ জগতে অতুলনীয়। ব্যবহারে ত্বকের কোমলতা ও মুখের লাবণ্য বৃদ্ধি পায়. ব্রণ, মেচেতা, ছুলি, ঘামাচি প্রভৃতি চর্ম্মরোগ সকলও ইহাদ্বারা অচিরে দূরীভূত হয় মূল্য বড় শিশি ৷৷৹ আট আনা, মাশুলাদি ৷৶৹ সাত আনা।

যাবতীয় কবিরাজি ঔষধ, তৈল, ঘৃত, মোদক, অবলেহ, আসব, আরিষ্ট, মকরধ্বজ, মৃগনাভি এবং সকলপ্রকার জারিত ধাতুদ্রব্য আমরা অতি বিশুদ্ধরূপে প্রস্তুত করিয়া, যথেষ্ট সুলভদরে বিক্রয় করিতেছি। এরূপ খাঁটি ঔষধ অন্যত্র দুর্লভ।
রোগিগণ স্ব স্ব রোগবিবরণ লিখিয়া পাঠাইলে, আমরা অতি যত্নসহকারে উপযুক্ত ব্যবস্থা পাঠাইয়া থাকি। ব্যবস্থা ও উত্তরের জন্য অর্দ্ধ আনার ডাক-টিকিট পাঠাইবেন

কবিরাজ—শ্রীশক্তিপদ সেন।
আয়ুর্ব্বেদীয় ঔষধালয়।
১৯১২ নং লোয়ার চিৎপুর রোড, ট্রেটিবাজার, কলিকাতা।



# ইলেক্ট্রিক সলিউসন





মনুষ্যের জীবনধারণের প্রধান উপাদান বৈদ্যুতিক শক্তি বা তাড়িৎ। মানব দেহে বৈদ্যুতিক শক্তি সমভাবে থাকিলে মনুষ্য নীরোগ ও দীর্ঘায়ু হয়, বৈদ্যুতিক শক্তির হ্রাস হইলেই মনুষ্যের মৃত্যু ঘটিয়া থাকে। যাহাতে মানবদেহের বৈদ্যুতিক শক্তি সমভাবে থাকিয়া মনুষ্যকে নীরোগ ও দীর্ঘায়ু করে, তজ্জন্য আমেরিকার সুপ্রসিদ্ধ ডাক্তার পেটাল সাহেব এই ঔষধ আবিষ্কার করিয়াছেন। ইহা বৈদ্যুতিক ও রাসায়নিক বলে প্রস্তুত। ইহাতে প্রায় সমুদয় রোগই বৈদ্যুতিক বলে অতি অল্পক্ষণ মধ্যে আরোগ্য হইয়া থাকে। ধাতু দৌর্ব্বল্য, শুক্রের অল্পতা, পুরুষত্ব হানি, অগ্নিমান্দ্য, অজীর্ণ, অর্শ, উদরাময়, কোষ্ঠবদ্ধতা, অম্লশূল, শিরঃপীড়া, সর্ব্বপ্রকার প্রমেহ, বহুমূত্র, দুঃস্বপ্ন, বাত, পক্ষাঘাত, পারদ সংক্রান্ত পীড়া, স্ত্রীলোকদিগের বাধক, বন্ধ্যা, মৃতবৎসা, সূতিকা, শ্বেত-রক্ত প্রদর, মূর্চ্ছা, হিষ্টিরিয়া, বালকদিগের ঘুংড়ি, বালসা, সর্দ্দি, কাসি, প্রভৃতির পক্ষে ইহা মন্ত্রঃপূত মহৌষধ। ডাক্তারি কবিরাজী ও হাকিমী চিকিৎসায় যাঁহারা রাশি রাশি অর্থব্যয় করিয়াও সফলমনোরথ হন নাই, এই ঔষধে তাঁহারা নিশ্চয় সুফল প্রাপ্ত হইবেন। ইহার একমাত্রা সেবনে মস্তিষ্ক স্নিগ্ধ, মনে আনন্দ ও স্ফূর্ত্তির সঞ্চার হয় এবং শরীর নববলে বলীয়ান হইয়া উঠে। একমাস ব্যবহারের উপযোগী প্রতি শিশি মায় মাশুল সমেত ১৷৷৹ দেড় টাকা।

অনুগ্রহ করিয়া নাম ও ঠিকানা স্পষ্ট করিয়া লিখিবেন।

সোল এজেণ্ট—ডিঃ ডিঃ হাজরা।
ফতেপুর, গার্ডেনরিচ পোঃ। কলিকাতা।



১নং। দামোদর সুধা। ঃ— মূল্য ৷৷৶৹
ম্যালেরিয়া ও সর্ব্ববিধ পুরাতন জ্বরের মহৌষধ। মাশুলাদি স্বতন্ত্র




২নং বিনা অস্ত্রে আরোগ্য
অপেরীণ। ঃ—
যাগী, ফোঁড়া, ঠুন্‌কা, উরুস্তম্ভ, শীত্‌লী ব্রণ, কাকবিড়ালী, পৃষ্ঠব্রণ এমন কি আব (Tumour) প্রভৃতি প্রথম অবস্থায় বাহ্য প্রয়োগে বসিয়া যাইবে, এবং বিলম্বে লাগাইলে আপনি ফাটিয়া যায়।
মূল্য ১৲ টাকা মাত্র, মাশুলাদি ৷৹ আনা।

৩নং। স্পিরিট ক্যাম্ফর ঃ—ওলাওঠা (কলেরা) উদরাময় প্রভৃতি রোগের প্রথমাবস্থায় অত্যুৎকৃষ্ট ঔষধ। মূল্য ৷৶৹ আনা একত্রে ৩ শিশি ১৲

৪নং। একজিন ঃ— একজিমা বা কাউরের একমাত্র মলম। মূল্য ৷৹ আনা।

ডাক্তার—বি, রায় এণ্ড কোং কেমিষ্টস।
ফতেপুর, পোষ্ট গার্ডেন রীচ. কলিকাতা।


রঘুনাথগঞ্জ পণ্ডিত প্রেসে—শ্রীবিনয় কুমার পণ্ডিত কর্ত্তৃক সম্পাদিত, মুদ্রিত ও প্রকাশিত।